

নম্বর-৪৪.০০.০০০০.০১৯.০৯.০২৪.১২-৯৮২

তারিখ : ২০ আশ্বিন ১৪৩০
০৫ অক্টোবর ২০২৩

বিষয়: স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগ কর্তৃক আয়োজিত শেখ রাসেল দিবস ২০২৩ উপলক্ষে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ মোস্তাফিজুর রহমান, বিপিএএ
সিনিয়র সচিব
সভার তারিখ : ০৫ অক্টোবর ২০২৩ খ্রিঃ
সভার সময় : দুপুর ১২.৩০ টা
সভার স্থান : জননিরাপত্তা বিভাগের সম্মেলন কক্ষ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

সভাপতি সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। আগামী ১৮ অক্টোবর ২০২৩ তারিখ শেখ রাসেল দিবস ২০২৩ এর উদযাপন অতীতের সকল আয়োজনকে ছাড়িয়ে একটি নতুন বেষ্টমার্ক তৈরি করতে হবে মর্মে সভাপতি মহোদয় মত প্রকাশ করেন। এছাড়া আগামী ১৭ অক্টোবর ২০২৩ থেকে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ভবন (ব্যানার, ফেস্টুন, লিফলেট ইত্যাদি) সজ্জিত করার নির্দেশনা প্রদান করেন। সভায় বিস্তারিত আলোচনা শেষে সভায় সর্বসম্মতিক্রমে নিম্নোরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র.নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	শেখ রাসেলের ম্যুরাল/প্রতিকৃতির পরিমাপ	শেখ রাসেল দিবস উদযাপন নীতিমালা ২০২২ অনুযায়ী পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধাঞ্জলি নিবেদনের নিমিত্ত শেখ রাসেলের ম্যুরাল/প্রতিকৃতি সর্বনিম্ন আকার (দৈর্ঘ্য ০৪ ফুট X প্রস্থ ০৩ ফুট) এবং সমানুপাতিক হারে উল্লিখিত আকারের চেয়ে বড় আকারের প্রতিকৃতিও স্থাপন করা যাবে মর্মে সভায় আলোচনা হয়।	স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের চত্বরে ডায়াস তৈরি করে শেখ রাসেলের ম্যুরাল/প্রতিকৃতি (দৈর্ঘ্য ০৪ ফুট X প্রস্থ ০৩ ফুট এবং সমানুপাতিক হারে) স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপসচিব, প্রশাসন-২, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
০২	শেখ রাসেল দিবস ২০২৩ উদযাপনের কেন্দ্রীয়, বিভাগ, জেলা, উপজেলা পর্যায়ের কর্মসূচি	কেন্দ্রীয়, বিভাগ, জেলা, উপজেলা পর্যায়ের যথাযোগ্য মর্যাদায় শেখ রাসেল দিবস ২০২৩ উদযাপনের লক্ষ্যে শেখ রাসেল দিবস উদযাপন নীতিমালা ২০২২ এর দিবস উদযাপনের পর্যায় ও কর্মসূচি (ক্রম ৪) অনুযায়ী সকল কার্যক্রম বাস্তবায়নের বিষয়ে আলোচনা হয়।	যথাযোগ্য মর্যাদায় শেখ রাসেল দিবস ২০২৩ উদযাপনের লক্ষ্যে শেখ রাসেল দিবস উদযাপন নীতিমালা ২০২২ এর দিবস উদযাপনের পর্যায় ও কর্মসূচি (ক্রম ৪) অনুযায়ী সকল কার্যক্রম বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে।	সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ; সচিব, সুরক্ষা সেবা বিভাগ এবং অধস্তন সকল দপ্তর/সংস্থা
০৩	শ্রদ্ধাঞ্জলী নিবেদন	সকাল ০৬.৩০ টায় বনানী কবরস্থানে এবং সকাল ০৭.৩০ টায় স্ব স্ব কার্যালয় প্রাঙ্গণে স্থাপিত শেখ রাসেল-এর প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলি নিবেদনের বিষয়ে আলোচনা হয়।	সকাল ০৬.৩০ টায় বনানী কবরস্থানে এবং সকাল ০৭.৩০ টায় স্ব স্ব কার্যালয় প্রাঙ্গণে স্থাপিত শেখ রাসেল-এর প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করতে হবে।	জননিরাপত্তা বিভাগ ও সুরক্ষা সেবা বিভাগের সকল কর্মকর্তা এবং অধস্তন সকল দপ্তর/সংস্থা
০৪	আলোচনা ও দোয়া মাহফিল	স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী'র সভাপতিত্বে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা/কর্মচারীদের নিয়ে আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন	স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী'র সভাপতিত্বে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা/কর্মচারীদের নিয়ে আগামী ১৮/১০/২০২৩ তারিখ ০৩:০০ টায় আলোচনা সভা ও দোয়া মাহফিল এ বিভাগের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে।	অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ অনুবিভাগ), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

০২। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্তি ঘোষণা করা করেন।

স্বাক্ষরিত/-
তারিখ-০৫.১০.২০২৩
মোঃ মোস্তাফিজুর রহমান, বিপিএএ
সিনিয়র সচিব
জননিরাপত্তা বিভাগ

নম্বর-৪৪.০০.০০০০.০১৯.০৯.০২৪.১২-৯৮২

তারিখ : ২০ আশ্বিন ১৪৩০
০৫ অক্টোবর ২০২৩

অনুলিপি সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ২। সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা।
- ৪। মহাপরিচালক, বিজিবি, পিলখানা, ঢাকা।
- ৫। মহাপরিচালক, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, ঢাকা।
- ৬। মহাপরিচালক, বাংলাদেশ কোস্টগার্ড, ঢাকা।
- ৭। মহাপরিচালক, এনটিএমসি, প্রধানমন্ত্রীর ড্রান ভান্ডার, তেজগাঁও, ঢাকা।
- ৮। সমন্বয়ক, তদন্ত সংস্থা আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, ঢাকা।
- ৯। অতিরিক্ত সচিব(সকল), জননিরাপত্তা বিভাগ/সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ১০। যুগ্মসচিব(সকল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ১১। উপসচিব(সকল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ১২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ১৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ১৪। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব.....(সকল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ১৫। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।



০৫/১০/২০২৩

মোঃ আরিফ-উজ-জামান

উপসচিব

ফোন : ০২-২২৩৩৫৪৫২৯

admin1@mhapsd.gov.bd